পূজাবার্ষিকী কিশোর বিস্ময় ১৩৮৪

অনাথ শিশুদের বিদ্যালয়ের দপ্তরে কাজের সন্ধানে এসেছেন বিজ্ঞানের দপ্তর থেকে পালিয়ে ভূতপূর্ব বিজ্ঞানী ক্রুস ব্যানার বাক্সটার। পালিয়ে বেড়ানো তাঁর এক বদ অভ্যাস।

বুঝলেন মিঃ

ক্রুস বাক্সটার,

আর হ্যা, কাজটা একটু অন্য ধরনের অনাথ শিশু সম্পর্কে আগের কোন অভিজ্ঞতা আপনার আছে কি?

না তেমন নেই। কিন্তু শিশুর মানসিকতা ও আচার ব্যবহার সম্পর্কিত বহু বই আমি পড়েছি।

কিন্তু এত সত্ত্বেও থাকতে পারলে আপনি আনন্দই পাবেন। আপনার ভাগ্য সুপ্রসন্ন হোক।
পরের দিন থেকেই ব্রুস ছোটদের কাটা ঘায়ে ব্যান্ডেজ বেঁধে, চোখের জল মুছিয়ে দিয়ে ওদের বেদনার কথা শুনল ...
হাঃ হাঃ! কেটি প্যান্ট ভিজিয়ে ফেলেছে!
কিছু ভেবোনা কেটি তোমাকে একটা নতুন প্যান্ট এনে দেব।

সকাল ১১টা
এই আর্ল, কাল কয়েকটা ভূতের সঙ্গে দেখা হয়েছিল। তারা তোমার খোঁজ করছিল তোমাকে বাড়ি নিয়ে যাবার জন্য।
কি হে ভূতের চেলা।
সারা সকাল এরা আর্লকে খেপিয়ে চলেছে।

দুপুরঃ
হেই মহাকাশ যাত্রী উড়ন্ত চাকি দেখবে!
ওদের কথা কানে নিও না ব্রুস। কোন ক্ষতি করবে না।

৩টেঃ
সরে যাও ছোকরা। সারাক্ষন লাইনটা আটকে বসে আছো!
একটা বাজে ওয়েল্ডার এটা! লিক করছে বারবার।

তুমি ইচ্ছে করে গ্যাস বের করছ। টেপ দিয়ে জুড়ে নিতে পার।

নিশ্চয়ই, যদি আমি সতর্ক করে না দিতাম তাহলে তুমি মারা পড়তে। চোখ খোলা রেখে কাজ করো। তোমার মত গুনধর মরালে কর্তৃপক্ষের ক্ষতি কিছু হবে না।
হোঃ হোঃ! খুব তড়পে-গেল ছোকরা! হেঃ হেঃ!

আমার সব ছাত্র স্কুলে চলে গেছে। কিন্তু মিসেস ব্লিকার দেখাশোনার দায়িত্ব আমাকে দিয়েছেন।

দেখেছো? বাবা মার সঙ্গে ঐ আমি।

আর এটা আমার প্রথম স্কুলে যাবার ছবি।

Photo ALBUM

আমি যেদিন আমার নাম লিখেছিলাম, মা বলেছিলেন সেদিনটা নাকি তার জীবনের সেরা দিন।

আমার নাম আর্ল

উপরে ওঠো ক্রুস এখান থেকে পুরো শহরটা দেখতে পাবে!
ওপরে উঠতে আমার ভালো লাগে না আর্ল!

আঃ! দুর্বল লাগছে। ধীর হতে হবে। আমার কি পরিবর্তন হবে। না না এমন ভাবা উচিত নয়! ওপস্!

আমার হৃদপিন্ড লাফাচ্ছে না ভয় পাবো না।

ক্র্যাক
ক্রুস!

ক্রুস! তোমার কিছু হয়নি তো!

ওঃ না!
একি করলে ক্রস?

দানবটাকে বার করলে?
অ্যটোং কচ কাঠবিড়ালী নয়! গাছকে ভেন্না কারি!

আর অ্যটোং কচ দানবও নয়!
দুঃখিত আমি। ভেতরে এসো?

আমিই ওকে সাহায্য করতে পারি। আমাকে ও ভালবাসে।

নিসঃশঁ আর্ল অসীম ধৈর্য্য ও সহানুভূতিতে ধীরে ধীরে দানবের মনে আস্থা ফিরিয়ে আনল। এমন বন্ধু এর আগে কখনো পায়নি অ্যটোং কচ।
বন্ধু আগে অ্যটোং কচ একবার চেষ্টা করেছিল কিন্তু সব ভুলে গেছে। তার বন্ধুর জন্য আবার চেষ্টা করবে সে।

অবশেষে যতক্ষন না অ্যটোং কচ সফল হলো...
আমার নাম অ্যটোং কচ

তুমি তোমার নাম লিখতে পেরেছ অ্যটোং কচ!
আর্ল অ্যটোং কচের জন্য গর্বিত!
আমার নাম অ্যটোং কচ
আমার নাম আর্ল

স্যাটোং কচের মনে শান্তি ফিরে এল। ধীরে ধীরে তার পরিবর্তন হতে লাগল...

আর্ল, আমায় কথা দাও স্যাটোং কচের কথা কাউকে বলবে না!

নিশ্চয়ই আমি গোপন রাখব।

সোমবার ঃ
আমার ওয়েল্ডিং মেসিন আর ইস্পাতের পাতটা নিয়ে কেউ চলে গেছে।
হোঃ হোঃ। মাঝরাতে মহাকাশ থেকে কেউএসে নিয়ে গেছে বুঝি?
আর্ল বোধহয় স্বপ্ন দেখেছে!

আর্ল! তোমার গাঁজা গল্প বিশ্বাস করি না। তুমি প্রেসে গিয়ে কাজ করো। তাহলে আমরা নিশ্চিন্তে থাকতে পারব!

ওঃ! খুব কষ্ট হচ্ছে মহাকাশচারী! একাএকা কাজ করছ। বরংএকটা বিশেষ কাজ করতে পারো আমাদের সঙ্গে!
আমাকে একা থাকতে দাও গুনো। এরকম চ্যাংড়ামি যদি করতে থাকো তার ফল ভাল হবেনা বলে রাখছি!

হোঃহোঃ হো। তুমি দানব সাজবে নাকি হে! অনাথের মনেও দানব আছে? সেটি কি বস্তু খোকাবাবু? মহা-কাশের কেউ? সবাইকে বলছি দাড়াও।

চলে যাও। আমাকে দেখে হাসছো গুনো! কিন্তু আমি তোমাদের বাগে পাবই।

মিসেস ব্লিকারের স্কুলে ঃ
আর্ল মিথ্যে কথা বলেনা, ক্রুস। ও বলেছে ফ্যাক্টরীতে একজন ঢুকেছিল, ওর কথা বিশ্বাস করি।
ওরা ইস্পাতের পাতটা নিয়ে করবেটা কি?

ইস্পাতটা সরকারী সাবমেরিনের। আপনি কি মনে করেন এটা নাশকতামূলক কাজ!
না না, নৌবহর সহজেই ধরে ফেলবে এটা নকল ইস্পাত।

সরকারী কন্ট্রাক্টটা যাবে উইদরিং অন্য প্রতিযোগীর কাছে। এই একটা মোটিভই আমি দেখতে পাচ্ছি।
কিন্তু কেমন করে সেই প্রতিযোগী ফ্যাক্টরী কব্জা করল।

ব্যাপারটা খুব গোলমেলে। অন্তর্ঘাত মূলক কাজকর্ম হলে ব্যবসা টেকানো যায়না।

ফ্যাক্টরী নিয়েই আমার এখন মাথা ঘামানো উচিত। ওখানে অদ্ভুদ সব ঘটনা ঘটছে।

কয়েক মিনিট পরে••
ভাগ্য ভালো আমার আর্লে এখানে একা কেউ আমায় দেখতে পায়নি!

আর্ল, কাল রাতে যাকে দেখেছিলে তার কথা কাউকে বলেছ?
হ্যাঁ ক্রুস। মিঃ সিলভা ও আরো কয়েকজনকে বলেছি, তারা সব বিদ্রূপ করছিল।

সিলভার অফিসে আর্লকে ডাকা হচ্ছে!
আমার কাজটা শেষ করে দেবে ক্রুস? না হলে আমাকে বিপদে ফেলে দেবে ওরা।
ঠিক আছে আর্ল সাবধানে যেও!

কিছুক্ষন পর, সিলভার অফিসে।
আর্ল যে লোকটা তোমার ইস্পাতটা চুরি করেছে••• তাকে দেখলে তুমি চিনতে পারবে?
এদিকে তাকাও।

ঐ-ঐ লোকটা মিঃ সিলভা।

শয়তানটা আমায় চিনতে পেরেছে! সিলভা এতে আমাদের দু'জনেরই বিপদ। একে পৃথিবী থেকে সরিয়ে দেওয়াই আমাদের পক্ষে মঙ্গল।

আর্লকে সিলভা ডেকে পাঠালো কেন?
আরে গুনো যে এদিকে আসছে! আর্লের কাজ আমি করছি দেখে ফেললে দু'জনের নামে রিপোর্ট করে দেবে।

আর্লের জ্যাকেট ও হেলমেটটা পড়ে নিই। তাহলে আমাকে আর্ল ভেবে ও চলে যাবে।

এই আর্ল, তোমার মহাকাশ হেলমেটটা পেয়েছ?

তোমার সেই দানবটার কথা কিছু বল, আর্ল! সেকি স্বর্গ থেকে নেমে আসছে?

অ্যাই গর্দভ! আমাকে অবহেলা করছো! উত্তর দাও!
যখনই ফ্যাক্টরীতে ঢুকেছে তখন থেকেই ক্রুসের মন চঞ্চল ছিল...

প্রেস মেসিনে ক্রুসের আঙুল চাপা পড়ল।
গর্দভ গর্দভ
জবাব দে গর্দভ!

অ্যাটোং কচ গর্দভ নয়!

অ্যাটোং কচ হুলো অ্যাটোং কচ!

একি! ওঃ ভগবান! আর্ল, আমি কথা ফেরত নিলাম।

আয় গুলো, অটোং কচকে নিয়ে আরও ঠাট্টা কর!
বাঁচাও বাঁচাও! আর্ল দৈত্য হয়ে গেছে। আমাকে তাড়া করেছে!
লুকোতে হবে! এই প্রেস মেশিনের ওজন দু টন। এর তলায় ঢুকে আমায় ধরতে পারবে না।
ও, এই ব্যাপার! খুদে মানুষটা অটোং কচের চোখে ধুলো দিতে চাইছে!
আর্ল! আর্ল! শান্ত হও। প্লীজ আর্ল আমাকে মেরো না!

আর্ল! শান্ত হও! মাপ করো! ছেড়ে দাও আমাকে!
সবাই এসো! একটা দামড়া মাথামোটা আমাদের টাইট দেবে আমরা তা সহ্য করবো না।
অফিস থেকে উঁকি মেরে হেনরি সিলভা দেখল…
ক্র্যাশ
গার্বার সাংঘাতিক বিপদ হয়েছে!
ওকে থামাও
গুলোকে নামিয়ে দাও আর্ল! শুধু শুধু তোমাকে মারতে চাইনা!

মাই গড, নাছোড়! এখানে এসব কি হচ্ছে?
আমাদের এক মেসিন ম্যানের কান্ড, মিঃ ওয়েদারিং। না দেখলে আপনার বিশ্বাস হবে না।

চলে এসো সিলভা! পুলিস আসার আগেই তোমার গাড়িতে উঠে পড়ি! খোকা, এ কটা কথা কাউকে বলেছ কি শেষ করে দেব!

সেরেছে, বাবা! যদি টের পায় তাহলে কোম্পানীর শেয়ার আমার কপালে আর জুটবে না।

আর্ল স্লোকাম অপরাধীদের ছেড়ে দিতে চায়। সে মিসেস ব্লিকারের স্কুলে নিরাপদ আশ্রয়ে পালিয়ে বাঁচতে চায়।

কিন্তু মনের গভীরে কি একটা আবেগ তাকে তাড়িয়ে নিয়ে চলে··· ভয়কে যে চ্যালেঞ্জ জানায়। ববি গার্বার আর হেনরি সিলভাকে আর্ল তাড়া করে। ববি সরকারী কন্ট্র্যাক্ট চুরি করতে এসেছিল, আর হেনরি দু' হাজার ডলার পেয়েছে দরজা খুলে রাখার জন্য।
বেরোবার সময় ইস্পাত কারখানার কেউই ওদের দেখতে পেলো না।

কারন তাদের নজর অন্যদিকে
হুঃ! বোকা মানুষগুলো খুদে ট্রাক পাঠাচ্ছে অটোংকচের সঙ্গে লড়বার জন্য! অটোংকচ সব গুঁড়ো করে দেবে! অলসগুলোটা ঘুমিয়ে পড়েছে। ওঠো গুলো! ওঠো! অটোংকচের সামনে দাড়াও।...

বাইরে গার্বার ও সিলভা কারখানার ডামাডোল ছেড়ে ছুটে পালাচ্ছে। আর্ল তাদের পেছু নিয়েছে – কিন্তু বৃথাই।

তবে এক জোড়া চোখ তাদের দেখতে পেয়েছে।
অটোংকচের বন্ধু গাড়ির পেছনে ছুটছে। বন্ধুকে সাহায্য করবে অটোংকচ!

দড়াম!
অটোংকচ আরো তাড়াতাড়ি ছুটতে জানে!

আর্ল যদি গাড়ি থামাতে চায় তাহলে গাড়ি থামাতে হবে!
সিলভা, দানবটা আমাদের তাড়া করেছে!
আমাদের মানে কি বলছো গার্বার!

অ্যাটোং কচ লোকগুলোকে গাড়িতে আটকে রাখবে!
স্ক্রি য়াঁনচ
PIDONG

অ-অ্যাটোং কচ, ঠিক করেছো। এখন যাও! সবাই এসে পড়ার আগে চলে যাও!
দানব থমকে দাঁড়ায়! ভাবছে কি করবে।

তারপর হঠাৎ ঘুরে দাঁড়িয়ে পা বাড়ায়।
আর্ল ঠিক বলেছে! বুদ্ধু লোক দেখে দেখে ঘেন্না ধরে গেছে অ্যাটোং-কচের!
বিদায় অ্যাটোং কচ! ধন্যবাদ তোমাকে!
বিদায়, ক্রুস!
PIDONG

সবাই ছুটে আসছে। ফ্যাক্টরীর মালিক মিঃ ওয়েদরিং, প্রহরীর দল, কর্মীরা, এমনকি গুলোও ছুটে আসছে।

কিন্তু আর্লের কাছে এসেই ওরা জমে পাথর হয়ে গেল।
ওঃ আর্ল? সব ঠিক আছে তো?

আ- আমি দুঃখিত মিঃ ওয়েদরিং কিন্তু সিলভা আর তার এক সাকরেদকে ধরেছি। ওরা ইস্পাত নিয়ে খারাপ কিছু করার তালে ছিল। ওদের কথা না শুনলে গুলি করবে বলে শাসিয়েছে। ওরা ভীষন বদমাইশ।

এ তো দেখছি ববি গার্বার! গার্বার অ্যান্ড সন্স ইস্পাত কোম্পানীর! কেউ একটা গ্যাস কাটার নিয়ে এসে দু'জনকে বার করো।

দেখুন মিঃ ওয়েদরিং... ইস্পাত নষ্ট করার জন্য আমি টাকা খেয়ে গার্বারকে ফ্যাক্টরীতে ঢুকিয়েছি কিন্তু ছেলেটাকে খুন করতে চাই নি। এ সবই গার্বারের মতলব!
সর্বনাশ! বাবা আমাকে শেষ করে দেবে!

কাছের জঙ্গলে লুকিয়ে অ্যাটোংকচ তার তান্ডবের ফলাফল দেখছে।
ঠিক হয়েছে। খারাপ লোকগুলো ধরা পড়েছে। অ্যাটোংকচ বন্ধুকে সাহায্য করেছে কারণ বন্ধু তাকে সাহায্য করেছিল।

দানব যতো এগিয়ে চলেছে তার হার্ট বিট ততো কমে আসছে। ক্লান্তিতে ঢলে পড়তে চাইছে শরীর। ঘুম পাচ্ছে ব্রুস ব্যানারের। কিন্তু তবুও সে শ্লথ পায়ে এগিয়ে চলেছে।

খুব শীগগীরই ওরা তার খোঁজ করতে আসবে। তাদের বুকে ব্যাজ হাতে বন্দুক, রুক্ষ তাদের কণ্ঠস্বর - নামী দামী সব মানুষ। ছবি দেখিয়ে তারা জানতে চাইবে এই লোকটাকে কেউ দেখেছে কিনা। তখন ব্রুসকে যারা ভালবাসে তারাও রেগে গিয়ে বলবে ব্রুস তাদের সঙ্গে ছলনা করেছে।

ব্রুস! কি হয়েছে আপনার?
মিসেস ব্লিকার, আমাকে বাঁচান!
যারা তাকে ভালবাসে তারাও এ বার বলবে ব্রুসকে তারা ভালো করে চেনেনা।

আমাদের প্রত্যেকের মধ্যে একটা দানব আছে।
আর্লে। এই আর্লে!

বাচ্চাদের কি বলব ক্রুস?
বলবেন স্বাস্থ্যের কারনে আমি ছেড়ে চলে গেছি। বলবেন প্রতি দিন ওদের কথা আমার মনে পড়বে। ওদের জন্য খুব কষ্ট হবে আমার।

এই আর্লে, সিলভিয়া তোমার জন্য একটা ড'নাট পাঠিয়েছে।
বুঝেছি গুনো।

হয়তো এ ভাবে চলে যাওয়া ঠিক হচ্ছে না। কাজে লেগে থাকলে হয়তো... না, নিজেকে ঠকিয়ে লাভ নেই। ক্রুসকে যেতেই হবে।

দেখেছো আর্লে, কোনা গুলো করার সময় খেয়াল রাখতে হবে যাতে ফোস্কা না পড়ে।
ধন্যবাদ গুনো।

দানবকে কেউ হারাতে পারেনা। ভয় বা ঘৃনা দিয়ে দানবকে চেপে রাখা যায়না।
শুধু সহানুভূতিই ভেতরের দানবকে শান্ত করতে পারে।

সমাপ্ত